বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বরঃ ০৪/২০২৫

তারিখঃ ০৬ মাঘ ১৪৩১ / ২০ জানুয়ারী ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৬টি ব্যাংকে সমন্বিতভাবে একক প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে 'অফিসার (ক্যাশ)' এর ১২৬২টি শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক	শিরোনাম	বিবরণ
১।	পদের নাম	'অফিসার (ক্যাশ)'-(১০ম গ্রেড)
২।	JOB ID No.	10222 (আবেদন ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে)।
৩।	পদ সংখ্যা	১২৬২টি (সোনালী ব্যাংক পিএলসি-৮৪৯টি, অগ্রণী ব্যাংক পিএলসি-৩২০টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি-৬টি, বাংলাদেশ কৃষি ব্যাংক-৬৪টি, প্রবাসী কল্যাণ ব্যাংক-৫টি এবং বেসিক ব্যাংক লিঃ- ১৮টি)
৪।	বেতন স্কেল	জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০--------৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
৫।	শিক্ষাগত যোগ্যতা	ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১ (এক) টিতে প্রথম বিভাগ/ শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারী নীতিমালা প্রযোজ্য হবে। গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি

৬। বয়সঃ ১৮/১১/২০২৪ তারিখে সকল প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর।

৭। আবেদনপত্র দাখিল এবং ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ১৯/০২/২০২৫ তারিখ, রাত ১১.৫৯টা।

৮। Verify Payment এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় : ২৫/০২/২০২৫ তারিখ, রাত ১১.৫৯টা।

৯। আবেদন ফিঃ অফেরতযোগ্য টাকা ২০০/-(টাকা দুইশত মাত্র)। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অনুচ্ছেদ ১০ (ট) দ্রষ্টব্য।

১০। **আবেদন পদ্ধতিঃ**

ক. Online Registration: কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান CV ব্যবহার করে আবেদন করতে পারবেন। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. CV ID Number: বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীকে বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থী Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। একজন প্রার্থী একের অধিক CV তৈরী করতে পারবে না।

গ. প্রার্থীর বিবরণঃ প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. প্রার্থীর বর্তমান ঠিকানাঃ প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. প্রার্থীর স্থায়ী ঠিকানাঃ প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. ছবি (Photo): প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে 600x600 pixel ও file size 100 KB এর বেশী নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। অস্পষ্ট/সাদাকালো ছবি/Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. স্বাক্ষর (Signature)ঃ নির্ধারিত স্থানে 300x80 pixel file size 60 KB এর বেশী নয় এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে। অস্পষ্ট স্বাক্ষর আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

** নিবন্ধনকৃত কোন প্রার্থীর ছবি/স্বাক্ষর পরিবর্তনের প্রয়োজন হলে CV ID Number উল্লেখপূর্বক স্ক্যানকৃত ছবি/স্বাক্ষরসহ (.jpg/.gif/.png ফরম্যাটে) প্রার্থীর নিবন্ধিত ই-মেইল হতে info.bses@bb.org.bd-এ আবেদন করতে হবে।

জ. অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখঃ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. বিদেশী ডিগ্রীধারী প্রার্থীঃ প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য সম্বলিত দলিলাদি মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ঞ. প্রতিষ্ঠান পছন্দক্রমঃ Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে তার অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। আবেদন দাখিলের পর আবেদনকৃত প্রতিষ্ঠান পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ট. **Application Fee Payment পদ্ধতিঃ** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) 'রকেট' এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতির "Bill Pay" অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ (হাইফেন (-) এর আগের অংশ), ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই "ঠ" ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।

** আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঠ. Payment Verify: প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। কোনো আবেদনকারী Payment Verify সম্পন্ন না করলে পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবেন না। ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে আবেদন ফি ফেরত প্রদান বা সমন্বয় করা সম্ভব হবে না।

ড. Tracking Page সংগ্রহঃ Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।

ঢ. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১১। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১২। প্রার্থীকে প্রাথমিক নির্বাচনী, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। প্রার্থীকে Online আবেদনের সময় কোনো প্রকার কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৪। চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৬। সংশ্লিষ্ট ব্যাংক সমূহ স্ব-স্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

বিশেষ দ্রষ্টব্যঃ শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্নকরতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

সূত্র নং-ডিসিপিঃ ৪৮/২০২৫-১৮৭
তাং ২১/১/২৫

স্বাক্ষরিত/-
মিজানুর রহমান আকন
পরিচালক (বিএসসিএস) ও সদস্য সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।

জিডি-২৩৩

Government of the People's Republic of Bangladesh
Local Government Engineering Department
Host and FDMN Enhancement of lives through
Infrastructure Improvement Project (HELP)
Workshop Bhaban (Level-3), Agargaon,
Sher-e-Bangla Nagar, Dhaka-1207.
www.lged.gov.bd
www.lged.gov.bd

Memo No: 46.02.0000.560.07.001.24-65 Date: 20/01/2025

Addendum-2

Reference to the Invitation for Tender Notice (Vehicle hiring for transport services) (Package No: HELP/S-16) under Host and FDMN Enhancement of lives through Infrastructure Improvement Project (HELP), Project Director, HELP, LGED, Dhaka office memo no: 46.02.0000.560.07.001.24.14, Dated:02-01-2025, the following amendment is hereby made:

Extension of Bid Submission Date & Time

Sl. No.	Details	As in Original Bidding Document	As Amended
1.	Bid Document Last Selling Date & Time	30 January, 2025 on or before 4.00 PM	06 February, 2025 on or before 4.00 PM
2.	Bid Document Last Submission Date & Time	02 February, 2025 on or before 1.00 PM	09 February, 2025 on or before 1.00 PM
3.	Bid Opening Date & Time	02 February, 2025 on or before 1.30 PM	09 February, 2025 on or before 1.00 PM

It is noted that all other terms and conditions of the bidding document shall remain unchanged and this addendum shall be part and parcel of the Bidding documents.

20/1/25
Project Director
Phone: 55006730
pdhelp.lged@gmail.com

GD-228

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পবিস মানব সম্পদ পরিদপ্তর
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

"পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০০১.২৪.১৯৬ তারিখঃ ১৯ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ড)-এর আওতাধীন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ) এর শূন্য পদে নিয়োগ প্রদান/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বর্ণিত পদসমূহের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়স সীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং বেতন কাঠামো উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা (কম/বেশী)	বয়স সীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী নির্ধারিত বেতন
০১	সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানব সম্পদ)	২৪ (চব্বিশ) টি	২৮/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩২ বছর	a) MBA or Masters Degree in any subject **with minimum CGPA 3.00 out of 4.00** OR b) Bachelor (Honours) Degree (4 years course) with **minimum CGPA 3.00 out of 4.00.** c) Candidates must have **minimum GPA 3.50 out of 5.00** both in S.S.C & HSC or equivalent examinations. d) Computer Literacy is a must.	অন-প্রবেশনকালীন নির্ধারিত বেতন ৪১,৮০০/- (একচল্লিশ হাজার আটশত) টাকা, তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ৪৩,৫০০/- (তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা বেতন স্কেলে নির্ধারিত হবে।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত শর্তাবলীঃ

০১। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৮/০১/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে।

০২। **স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০০১.২৩.২৩৮২; তারিখ: ১৪ নভেম্বর, ২০২৩ খ্রি. অনুযায়ী গত ১৬/১১/২০২৩ খ্রিষ্টাব্দে 'দৈনিক ইত্তেফাক' এবং 'Daily Industry' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন যে সকল প্রার্থী যথাযথ ভাবে আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে এবং তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০৩। Online-এ আবেদনের ক্ষেত্রে প্রদেয় পরীক্ষা ফিঃ
বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং অনগ্রসর নাগরিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) ৫৬/- (ছাপ্পান্ন) টাকা মাত্র Teletalk এর Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৪। ২৮/০১/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

০৫। ১৮ বছর এর কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৬। উল্লিখিত পদের ক্ষেত্রে প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান অথবা ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অথবা শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটায় আবেদন করতে চাইলে Online-এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৮। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৯। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রকল্প খাতে/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

১০। প্রার্থীদের লিখিত (MCQ ও রচনামূলক) এবং কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১১। বাপবিবোর্ড কর্তৃপক্ষ শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।

১২। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে তার প্রার্থিতা বাতিল করা হবে।

১৩। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরি লাভের ক্ষেত্রে অযোগ্যতা বলে গণ্য হবে।

১৪। বাংলাদেশের নাগরিক নন এরূপ কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক অসততা, নৈতিকস্খলন এর কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৫। চাহিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার বাপবিবোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। **Online-এ আবেদনের পদ্ধতিঃ**

(ক) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর আওতাধীন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নিয়োগ পরীক্ষায় আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://brebhr.teletalk.com.bd ঠিকানায় গিয়ে Online Application Form পূরণপূর্বক রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

(খ) Application Form পূরণ করার সময় প্রার্থীকে অবশ্যই Mandatory (লাল তারকা চিহ্নিত) Field গুলো পূরণ করতে হবে।

(গ) Application Form এ Color Photo এবং Signature Upload করার জন্য ৩০০x ৩০০ Pixel কালার ছবি যা ১০০ KB এর অধিক হবে না এবং সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর করতে হবে (টাইপ/মুদ্রণ নয়) যা ৩০০x ৮০ Pixel হতে হবে এবং কোনভাবেই ৬০ KB এর অধিক হবে না।

(ঘ) সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Submit বাটন-এ ক্লিক করে চূড়ান্তভাবে Application Form Submit করতে হবে।

(ঙ) চূড়ান্তভাবে Submission করার পরে User ID (যা এসএমএস এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী একটি Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(চ) অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বাপবিবোর্ডের ওয়েব সাইট (http://www.reb.gov.bd) নিয়মিত Visit করতে হবে। তাছাড়া আবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোন অসুবিধার সম্মুখীন হলে টেলিটক সিম হতে ১২১ এ কল করতে হবে অথবা vas.query@teletalk.com.bd কাস্টমার কেয়ারে যোগাযোগ করতে হবে।

(ছ) পরীক্ষার ফি জমা প্রদান: Applicant's Copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে নির্দিষ্ট সময়ের মধ্যে টেলিটকের Prepaid নাম্বার থেকে SMS এর মাধ্যমে BREB নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্দিষ্ট পরিমাণ টাকা (শর্তাবলীর ক্রমিক নং-০৩ অনুযায়ী) জমা দিতে হবে।
প্রথম SMS: BREBHR<SPACE> USER ID SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
Example: BREBHR 654789 SEND TO 16222
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে।
নির্দেশমতে প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন:
দ্বিতীয় SMS: BREBHR<SPACE>YES<SPACE>PIN SEND TO 16222
Example: BREBHR YES 12145214 SEND TO 16222 নম্বরে পাঠাতে হবে।
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিষ্পন্ন হয়েছে মর্মে অবহিতকরণপূর্বক USER ID ও PASSWORD প্রদান করা হবে।

(জ) আবেদন শুরুর তারিখ ও সময়ঃ ২৮/০১/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে এবং আবেদনের সর্বশেষ তারিখ ও সময়ঃ ২৩/০২/২০২৫ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। তবে আবেদন ফরম পূরণের সর্বশেষ সময় পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র পরীক্ষার ফি জমা প্রদান করা যাবে।

(ঝ) পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র ও Admit Card (প্রবেশপত্র) প্রাপ্তি : Admit Card (প্রবেশপত্র) ডাউনলোড/প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/Online Notice এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে। পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থী Admit Card (প্রবেশপত্র) উপরিউক্ত ওয়েবসাইট (http://brebhr.teletalk.com.bd) থেকে ডাউনলোড/প্রিন্ট করতে পারবেন। উক্ত Admit Card (প্রবেশপত্র) এ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র উল্লেখ থাকবে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board
www.reb.gov.bd
বাপবিবো/জন (২৫০১-১২৬) ২০২৪-২০২৫

পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

GD-221